NOV. 21 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ..................
পৃষ্ঠা ৬ ..... কলাম ৪ .....

# ঢাকা ভার্সিটির ভিসি'র সঙ্গে ডীন চেয়ারম্যান ও পরিচালকদের মতবিনিময়

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** গত সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির সহিত সকল অনুষদের ডীন, বিভাগীয় চেয়ারম্যান এবং ইনষ্টিটিউট পরিচালকদের এক মতবিনিময় সভা প্রশাসনিক ভবনে অনুষ্ঠিত হয়। নবনিযুক্ত ভিসি অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। ভিসি বিশ্ববিদ্যালয় থেকে সেশনজট দূরীকরণ, আবাসিক হলসমূহে দলমত নির্বিশেষে সকল বৈধ ছাত্রের সহাবস্থান নিশ্চিতকরণ এবং বিভাগ ও ইনষ্টিটিউটসমূহে নিয়মিত ক্লাস ও পরীক্ষা অনুষ্ঠানে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সভায় বিভিন্ন অনুষদের ডীন ও ইনষ্টিটিউটের পরিচালকবৃন্দ বিশ্ববিদ্যালয়ে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখাসহ শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ভিসিকে নানা পরামর্শ দেন। এ সময় প্রো-ভিসি অধ্যাপক জেড এন তাহমিনা এবং রেজিষ্ট্রার মুহম্মদ সেলিম উপস্থিত ছিলেন।